

র্যাগিং মুক্ত ক্যাম্পাস গড়তে জবি ছাত্রদের অ্যান্টি-র্যাগিং কর্মসূচি

জবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) নবীন শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও ভীতিমুক্ত পরিবেশ নিশ্চিত করতে অ্যান্টি-র্যাগিং সচেতনতামূলক কর্মসূচি পালন করেছেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদের যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান রুমি।

সোমবার (১১ মে) বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও গুরুত্বপূর্ণ স্থানে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়।

সম্প্রতি নবীন শিক্ষার্থীদের আগমনকে কেন্দ্র করে ক্যাম্পাসে র্যাগিংয়ের কয়েকটি অভিযোগ ওঠার প্রেক্ষিতে এ উদ্যোগ নেওয়া হয়।

কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন বিভাগ ও

গুরুত্বপূর্ণ স্থানে পোস্টার টানানো, লিফলেট
বিতরণ ও নবীন শিক্ষার্থীদের সঙ্গে সরাসরি
মতবিনিময় করা হয়।

এতে শতাধিক নেতাকর্মী অংশ নেন।

মোস্তাফিজুর রহমান রুমি বলেন, আমরা
জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদল সব সময় একটি
সুন্দর, বৈষম্যহীন, গণতান্ত্রিক, ভয়মুক্ত ও
সম্প্রীতিপূর্ণ ক্যাম্পাস গড়ে তোলার স্বপ্ন দেখি।
প্রতি বছর নবীন শিক্ষার্থীরা ক্যাম্পাসে এলে
পরিচয়ের নামে র্যাগিংয়ের অভিযোগ শোনা
যায়, যা অনেক শিক্ষার্থীকে বিব্রত ও
মানসিকভাবে বিপর্যস্ত করে।

তিনি আরো বলেন, সেই জায়গা থেকে আমরা
সচেতনতামূলক অ্যান্টি-র্যাগিং কর্মসূচির
উদ্যোগ নিয়েছি।

আমাদের লক্ষ্য শিক্ষার্থীদের সচেতন করা ও
একটি মর্যাদাপূর্ণ ও সম্প্রীতির ক্যাম্পাস গড়ে
তোলা।

র্যাগিংয়ের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করে
তিনি বলেন, আমাদের ক্যাম্পাসে র্যাগিংয়ের
কোনো স্থান নেই। কেউ এ ধরনের কর্মকাণ্ডে

জড়িত থাকলে মনে রাখতে হবে—আইন
কঠোর এবং কেউ আইনের ঊর্ধ্বে নয়।
পরিচয়ের নামে র্যাগিং নয়, বরং স্নেহ,
ভালোবাসা ও সম্মানের মাধ্যমে নবীনদের বরণ
করে নিতে হবে।